



মেয়ে জাইমাকে নিয়ে ‘বনলতা এক্সপ্রেস’ দেখতে সিনেমা হলে প্রধানমন্ত্রী



তারেক রহমান ও জাইমা রহমান। ছবি : সংগৃহীত

রাজধানীর ধানমন্ডিতে অবস্থিত সীমান্ত সন্ত্রাসে ‘বনলতা এক্সপ্রেস’ সিনেমা উপভোগ করতে গেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শুক্রবার (৩ এপ্রিল) সন্ধ্যায় গুলশানের বাসা থেকে বের হয়ে তিনি জিগাতলার ওই সিনেমা হলে পৌঁছান। এ সময় তাঁর সঙ্গে ছিলেন মেয়ে জাইমা রহমান। প্রধানমন্ত্রীর ঘনিষ্ঠ একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ঘিরে হল এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। তবে সাধারণ দর্শকদের মধ্যে ছিল বাড়তি আগ্রহ ও উচ্ছ্বাস।

ঈদুল ফিতর উপলক্ষে মুক্তি পাওয়া আলোচিত চলচ্চিত্র ‘বনলতা এক্সপ্রেস’ নির্মিত হয়েছে প্রখ্যাত লেখক হুমায়ূন আহমেদের ‘কিছুক্ষণ’ উপন্যাস অবলম্বনে। ছবিটি পরিচালনা করেছেন তানিম নূর।

LENS ASIA